

কালের কণ্ঠ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ব্যবসায়িক পরিকল্পনা বিষয়ক কর্মশালা শুরু

১৯ নভেম্বর, ২০১৮ ২১:০৫

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের ব্যবসায়িক পরিকল্পনা বিষয়ক দুই দিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে।

আজ সোমবার সকালে ব্র্যাক লার্নিং সেন্টার রংপুরে এই কর্মশালার উদ্বোধন করা হয়।

আনুষ্ঠানিকভাবে এ কর্মশালার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ডক্টর নাজমুল আহসান কলিমউল্লাহ। উদ্বোধনী বক্তব্যে সকলকে শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, ‘ব্র্যাক বিশ্ববিদ্যালয় সেন্টার ফর পিচ এ্যান্ড জাস্টিস-এর ধারাবাহিকভাবে চলা কর্মশালার মধ্যে আজ আরো একটি ব্যাচের দু’দিনব্যাপী কর্মশালা শুরু হচ্ছে। এই কর্মশালা থেকে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা যে ধরণের জ্ঞান ও দক্ষতা অর্জন করবেন তা সঠিকভাবে অনুশীলনও করবেন বলে বিশ্বাস করি।

ব্র্যাক বিশ্ববিদ্যালয় সেন্টার ফর পিচ এ্যান্ড জাস্টিস-এর আয়োজনে এবং ইউএন ওমেন এর সার্বিক সহযোগিতায় অনুষ্ঠিত এই কর্মশালা পরিচালনা করেন প্রতিষ্ঠানটির উদ্যোক্তা বিশেষজ্ঞ পারভিন এস হুদা, প্রোগ্রাম কোঅর্ডিনেটর নিলুফা সুলতানা এবং সহ-প্রশিক্ষক মোহসিনা আশরাফ।

এতে অংশ নেয় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ড. ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউটসহ ২১টি বিভাগ থেকে আবেদনকৃতদের মধ্য থেকে বাছাইকৃত নারী শিক্ষার্থীবৃন্দ।

